প্রথম আলো

বাংলাদেশ

# অন্তর্বর্তী সরকার দেশের ইতিহাসে ‘সেরা নির্বাচন’ আয়োজন করবে: প্রধান উপদেষ্টা

**বাসস** ঢাকা

প্রকাশ: ১৯ এপ্রিল ২০২৫, ২১: ৪২



প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় এএনএফআরইএলের প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক করেন। ঢাকা, ১৭ এপ্রিল *ছবি: প্রধান উপদেষ্টার ফেসবুক পেজ থেকে*

অন্তর্বর্তী সরকার দেশের ইতিহাসে ‘সেরা নির্বাচন’ আয়োজন করবে বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস। এশিয়ান নেটওয়ার্ক ফর ফ্রি ইলেকশনসের (এএনএফআরইএল) প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকে প্রধান উপদেষ্টা এ কথা জানান। আগামী ডিসেম্বর থেকে ২০২৬ সালের জুনের মধ্যে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠিত হবে বলেও প্রতিনিধিদলকে জানিয়েছেন প্রধান উপদেষ্টা।

ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় গত বৃহস্পতিবার এএনএফআরইএলের প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক করেন প্রধান উপদেষ্টা। তিনি বলেন, ‘আমরা নিশ্চিত করতে চাই যে এই নির্বাচন হবে বাংলাদেশের ইতিহাসে সেরা এবং দেশের গণতান্ত্রিক অভিযাত্রায় এক মাইলফলক।’

প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার বাসসকে এ কথা জানান। এএনএফআরইএল হলো নাগরিক সমাজের একটি আঞ্চলিক নেটওয়ার্ক, যা এশিয়ায় গণতান্ত্রিক নির্বাচনী ব্যবস্থার উন্নয়নে কাজ করছে। দুই দশকের বেশি সময় ধরে নির্বাচন পর্যবেক্ষণ, গণতান্ত্রিক সংস্কার এবং নাগরিক সম্পৃক্ততা বাড়াতে সক্রিয়ভাবে কাজ চালিয়ে যাচ্ছে এই নেটওয়ার্ক।

প্রধান উপদেষ্টার সঙ্গে বৈঠকে এএনএফআরইএলের প্রতিনিধিদল বাংলাদেশে চলমান বিভিন্ন উদ্যোগ, বিশেষ করে নাগরিক সমাজের নেতৃত্বাধীন স্বাধীন নির্বাচন পর্যবেক্ষণ কাঠামো পুনর্গঠনের অঙ্গীকার তুলে ধরে। পাশাপাশি বাংলাদেশে স্বচ্ছ ও বিশ্বাসযোগ্য নির্বাচন আয়োজনের লক্ষ্যে অংশীজনদের সঙ্গে চলমান সহযোগিতা অব্যাহত রাখার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে।

এএনএফআরইএলের প্রতিনিধিদলে ছিলেন এই নেটওয়ার্কের নির্বাহী পরিচালক ব্রিজা রোসালেস, বাংলাদেশ নির্বাচন ও গণতন্ত্র কর্মসূচির পরামর্শক মে বুটয়, প্রচারাভিযান ও অ্যাডভোকেসি বিভাগের জ্যেষ্ঠ প্রোগ্রাম কর্মকর্তা থারিন্ডু অ্যাবেইরাথনা, প্রোগ্রাম কর্মকর্তা আয়ান রহমান খান এবং প্রোগ্রাম অ্যাসোসিয়েট আফসানা আমেই।